# পশ্চিমবঙ্গ সরকার

# কৃষি বিভাগ

## ২০২৫-২৬ বর্ষে সরকারী ভর্তুকিতে কৃষিযন্ত্র ক্রয় ও কৃষিযন্ত্রাদি ভাড়া কেন্দ্র স্থাপনের সুবর্ণ সুযোগ

**স্মারক সংখ্যা ঃ 294-20/HQ** **তারিখ ঃ 04.09.2025**

* কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে নিবন্ধীকৃত কৃষক/সরকারী যে কোন দপ্তর দ্বারা স্বীকৃত কৃষকগোষ্ঠী/কৃষি সমবায়/সংস্থা www.wbfms.wb.gov.in এই ওয়েবসাইটের মাধ্যমে আগামী ১০.০৯.২০২৫ (সকাল ১১টা) থেকে ০৩.১১.২০২৫ (বিকাল ৫টা) পর্যন্ত ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়/কৃষিযন্ত্র ভাড়াকেন্দ্র স্থাপনের জন্য অনলাইনে আবেদন করতে পারবেন।
* FSSM ও OTA-SFI প্রকল্পের ক্ষেত্রে কেবল মাত্র "আমাদের পাড়া আমাদের সমাধান" এর মাধ্যমে আবেদন করা যাবে। এই দুটি প্রকল্পের আবেদনের ক্ষেত্রে "আমাদের পাড়া আমাদের সমাধান" এর রেজিস্ট্রেশন নম্বর বাধ্যতামূলক।
* অনলাইনে পূরণ করা আবেদনপত্রের ছাপানো প্রতিলিপি সমস্ত প্রাসঙ্গিক নথি সহ FSSM ও OTA-SFI প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্লক কৃষি অফিসে এবং CHC ও FMH/FMB প্রকল্পের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার কৃষিকরণে ০৬.১১.২০২৫ (বিকাল ৫টা) এর মধ্যে জমা দিতে হবে।
* FSSM প্রকল্পে পাওয়ার টিলার ও সোলার পাম্প নিতে আগ্রহী কৃষকের কমপক্ষে ০.৫ একর কৃষি জমির নিজস্ব মালিকানা (ROR) থাকতে হবে।
* শক্তিচালিত যন্ত্রের জন্য FSSM প্রকল্পে ভর্তুকি-যন্ত্রভেদে মোট দামের ৫০-৬০% বা সর্বোচ্চ ৩ লক্ষ টাকা।
* ছোটযন্ত্রের জন্য OTA-SFI প্রকল্পে ভর্তুকি - মোট দামের ৫০% বা সর্বোচ্চ ১০,০০০ টাকা।
* FMH/FMB প্রকল্পে ৩০ লক্ষ টাকা পর্যন্ত প্রকল্প ব্যয়ের ভর্তুকির পরিমান হবে ৮০% এবং সর্বাধিক ২৪ লক্ষ টাকা।
* কৃষিযন্ত্রাদি ভাড়াকেন্দ্র স্থাপনের জন্য CHC প্রকল্পে ভর্তুকি প্রকল্পব্যয়ের ৪০% এবং ন্যূনতম ৮ লক্ষ টাকা।
* FSSM, OTA-SFI ও FMH/FMB এর প্রকল্প ব্যয় ১০ লক্ষ টাকা পর্যন্ত প্রকল্পে আবেদনপত্র মঞ্জুর হওয়ার সর্বাধিক ১৫ দিনের মধ্যে (সোলার পাম্পসেটের ক্ষেত্রে সর্বাধিক ৩০ দিন) নির্ধারিত কৃষিযন্ত্র সরকারী পোর্টালে তালিকাভুক্ত ডিলারের/কোম্পানীর কাছ থেকে ক্রয় করে সংশ্লিষ্ট নথি সহ FSSM & OTA-SFI অফিসে জমা করতে হবে।
* কৃষিযন্ত্র ক্রয়ের যাচাই (Geo-tagging) করার পর নির্ধারিত ভর্তুকির টাকা FSSM, OTA-SFI ও FMH/FMB প্রকল্পে (১০ লক্ষ টাকা পর্যন্ত প্রকল্পের ক্ষেত্রে) সরাসরি উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে এবং CHC ও FMH/FMB প্রকল্পে (১০ লক্ষ টাকা এর অধিক প্রকল্পে) এর ক্ষেত্রে সাবসিডি রিজার্ভ ফান্ড অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হবে।
* কৃষি যান্ত্রিকীকরন প্রকল্পে কৃষক সরাসরি নিজের কম্পিউটার বা বাংলা সহায়তা কেন্দ্র বা যে কোনো কম্পিউটার সেন্টারের মাধ্যমে বা নিকটস্থ সহ কৃষি অধিকর্তার করনের সহায়তায় অনলাইনে আবেদন করতে পারেন। FSSM ও OTA-SFI প্রকল্পের আবেদনের ক্ষেত্রে "আমাদের পাড়া আমাদের সমাধান" এর রেজিস্ট্রেশন নম্বর বাধ্যতামূলক।
* ২০২৫-২৬ সালে কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক প্রকাশিত এই সংক্রান্ত গাইডলাইন অনুসারে প্রকল্পগুলি রূপায়িত হবে।

বিশদে জানতে নিকটবর্তী কৃষি অফিসে যোগাযোগ করুন বা www.wbfms.wb.gov.in ওয়েবসাইট পরিদর্শন করুন।

**কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক জনস্বার্থে প্রচারিত।**